গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০৩২.২০১৫-৪৯৭

তারিখঃ ১৮ কার্তিক ১৪২২ / ০২ নভেম্বর ২০১৫

বিষয়ঃ পূর্বানুমোদিত বেসরকারী নার্সিং ইনস্টিটিউটে এর সাময়িক অনুমোদনের মেয়াদ, আসন সংখ্যা বৃদ্ধি এবং ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/জুনিয়র মিডওয়াইফারি কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে তাঁর আবেদন এবং বেসরকারী পর্যায়ে নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত গঠিত পরিদর্শন কমিটির সুপারিশ ও গত ১০-০৯-২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নির্বাহী কমিটির সভার সুপারিশ অনুসারে পূর্বানুমোদিত নিম্নোক্ত বেসরকারী নার্সিং ইনস্টিটিউটের নামের পার্শ্বে উল্লিখিত কোর্সের মেয়াদ বৃদ্ধিসহ আসন সংখ্যা বৃদ্ধি এবং শিক্ষার্থী ভর্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

ক্রমিক নং	পূর্বানুমোদিত বেসরকারি নার্সিং ইনস্টিটিউট/প্রতিষ্ঠানের নাম	কোর্সের নাম	অনুমোদিত আসন সংখ্যা, শিক্ষাবর্ষ ও মেয়াদ	শর্তাবলী
১।	প্রাইম ব্যাংক নার্সিং ইনস্টিটিউট, কুড়িল বিশ্ব রোড, ঢাকা।	৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি।	৬০ টি (ষাট)। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	ইতোপূর্বে প্রদত্ত শর্তাবলী পালন সাপেক্ষে।
২।	পল্লবী নার্সিং ইনস্টিটিউট, পল্লবী, মিরপুর, ঢাকা।	৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি।	৬০ টি (ষাট)। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. নার্সিং ইনস্টিটিউটে বিএনসি এবং সরকারি ভর্তি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে; ২. যথাযথ যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করতঃ শিক্ষার্থী অনুপাত রক্ষা করতে হবে; ৩. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই নবায়ন/হালনাগাদ করতে হবে; ৪. শিক্ষার্থী ভর্তি ও সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বিএনসি'র প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে; ৫. দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রক্ষা করতে হবে; এবং ৬. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
৩।	কুমুদিনি নার্সিং ইনস্টিটিউট, মির্জাপুর, টাংগাইল।	(ক) ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি। (খ) জুনিয়র মিডওয়াইফারি।	৭০ টি (সত্তর) ২০১৯-২০ শিক্ষাবর্ষ পর্যন্ত ২০ টি (বিশ) ২০১৯-২০ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. নার্সিং ইনস্টিটিউটে বিএসসি এবং সরকারী ভর্তি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে; ২. যথাযথ যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করতঃ শিক্ষার্থী অনুপাত রক্ষা করতে হবে; ৩. কর্মরত নার্স-শিক্ষক ও স্টাফদের বেতন ভাতাদি সরকারি বেতন স্কেলের কম প্রদান করা যাবে না; ৪. কর্মরত নার্স শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই নবায়ন/হালনাগাদ করতে হবে; ৫. শিক্ষার্থী ভর্তি ও সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বিএনসির প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে; এবং ৬. বরাদ্দকৃত আসনের অতিরিক্ত কোন ছাত্র-ছাত্রী

				ভর্তি করানো যাবে না।
৪।	কালিহাতি নার্সিং ইনস্টিটিউট, কালিহাতি, টাঙ্গাইল।	৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি।	৫০ (পঞ্চাশ) টি ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পযর্ন্ত	১. নার্সিং ইনস্টিটিউটে বিএনসি এবং সরকারী ভর্তি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে; ২. যথাযথ যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করতঃ শিক্ষার্থী অনুপাত রক্ষা করতে হবে; ৩. কর্মরত সকল নার্স-শিক্ষক ও জনবলের বেতন সরকারি বেতন স্কেলের কম প্রদান করা যবে না; ৪. ০৭টি ল্যাবে আরও প্রয়োজনীয় উপকরনাদি দ্বারা সমৃদ্ধ করতে হবে; ৫. শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বাড়াতে হবে; ৬. লাইব্রেরীতে নার্সিং বিষয়ক দেশি-বিদেশি বই, জানার্ল, পত্রিকা রাখা নিশ্চিত করতে হবে; ৭. কর্মরত নার্সিং-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই নবায়ন/হালনাগাদ করতে হবে; ৮. শিক্ষার্থী ভর্তি ও সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বিএনসি'র প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে; ৯. বরাদ্দকৃত আসনের অতিরিক্ত কোন ছাত্র-ছাত্রী ভর্তির করানো যাবে না; এবং ১০. বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
৫।	ডায়াবেটিক এসোসিয়েশন নার্সিং ইনস্টিটিউট, রাজশাহী।	৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি।	৭০ টি (সত্তর) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত রক্ষা করতে হবে; ২. ছাত্রী হোস্টেলে আসবাবপত্রসহ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে; ৩. শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বরড়াতে হবে; ৪. ভর্তি কমিটি ও সকল ফাইনাল পরীক্ষায় বাংলাদেশ নার্সিং কাউন্সিলের প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে; ৫. শিক্ষার্থী ও শিক্ষকগণের অধ্যয়নের জন্য লাইব্রেরীতে প্রয়োজনীয় দেশি-বিদেশি আধুনিক নার্সিং বিষয়ক বই, সাময়িকী, জার্নাল, পত্রিকা ও আসবাবপত্র পর্যাপ্ত পরিমাণ থাকতে হবে; ৬. ০৭টি ল্যাবে আরও প্রয়োজনীয় উপকরনাদি দ্বারা সমৃদ্ধ করতে হবে; ৭. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই হালনাগাদ/নবায়ন করতে হবে। ৮. দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন নিশ্চিত করতে হবে; এবং ৯. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
৬।	ডায়াবেটিক এসোসিয়েশন নার্সিং ইনস্টিটিউট, ফরিদপুর।	৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি।	৪০ টি (চল্লিশ) ২০১৫-১৬ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. পূর্বের প্রদত্ত প্রয়োজনীয় সকল শর্তাবলী বহাল থাকবে; ২. নার্সিং ইনস্টিটিউটের জন্য স্বতন্ত্র ভাবে ০৭টি ল্যাবে প্রয়োজনীয় উপকরনাদি দ্বারা সুসজ্জিত করতে হবে; ৩. নার্সিং ইনস্টিটিউটে কর্মরত সকল নার্স-শিক্ষক

				ও স্টাফদের কে সরকারি বেতন স্কেল অনুযায়ী বেতন প্রদান নিশ্চিত করতে হবে; ৪. শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বাড়াতে হবে; ৫. প্রয়োজনীয় নার্স-শিক্ষক নিয়োগ করতঃ ক্লিনিক্যাল প্রাকটিসের সময় ইনস্ট্রাক্টর রাখা নিশ্চিত করত হবে; ৬. শিক্ষার্থীদের সুসজ্জিত ক্লাস রুমের ব্যবস্থা করতে হবে; ৭. শিক্ষার্থীদের লেখাপড়ার জন্য লাইব্রেরীতে পর্যাপ্ত স্পেস বাড়ানোসহ দেশি-বিদেশি নার্সিং বিষয়ক বই, জার্নাল, ম্যাগাজিন ও পত্রিকা রাখাসহ রেজিস্ট্রার খাতা সংরক্ষণ করতে হবে; ৮. ছাত্রীদের জন্য নিরাপত্তাসহ হোস্টেল ব্যবস্থা করতে হবে এবং প্রয়োজনীয় আসবাব দ্বারা সুসজ্জিত করতে হবে; ৯. শিক্ষার আবশ্যকীয় উপকরনাদির সংখ্যা বৃদ্ধি করতে হবে; ১০. ভর্তি কমিটি সকল পরীক্ষায় নার্সিং কাউন্সিলের প্রতিনিধি রখতে হবে; ১১. নীতিমালা অনুযায়ী দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রক্ষা করতে হবে; এবং ১২. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
৭।	উদয়ন নার্সিং কলেজ, রাজশাহী।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৬০ টি (ষাট) ২০১৫-১৬ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. নার্সিং ইনস্টিটিউটে বিএনসি এবং সরকারি ভর্তি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে; ২. যথাযথ যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করতঃ শিক্ষার্থী অনুপাত রক্ষা করতে হবে। ৩. ০৭ টি ল্যাবে প্রয়োজনীয় আরও উপকরণাদি দ্বারা সুসজ্জিত করতে হবে; ৪. শিক্ষক ও অন্যান্য স্টাফ লিখিত নিয়োগপত্র দ্বারা নিযুক্ত হবেন যাতে অবশ্যই চাকুরির শর্তাবলী ও বেতন-স্কেল উল্লেখ থাকবে কোন ক্রমেই সরকারি বেতন কাঠামোর চেয়ে কম বেতন প্রদান করা যাবেনা। নিয়োগপত্রের অনুলিপি বাংলাদেশ নার্সিং কাউন্সিলে প্রেরণ করতে হবে; ৫. শিক্ষার্থীদের লেখাপড়ার জন্য আধুনিক দেশি-বিদেশি নার্সিং বিষয়ক বই এবং সম্প্রতি প্রকাশিত সাময়িকি, জার্নাল, পত্রিকা রাখতে হবে; ৬. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই নবায়ন/হালনাগাদ করতে হবে। ৭. দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীদের সংরক্ষিত ৫% আসন রাখা নিশ্চিত করতে হবে; ৮. বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ

				শিক্ষার্থী ভর্তি করা যাবে না; এবং ৯. শিক্ষার্থী ভর্তি ও সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বিএনসি'র প্রতিনিধি রাখা নিশ্চিত করাত হবে।
৮।	শাহ মখদুম নার্সিং ইনস্টিটিউট, বোয়ালিয়া, রাজশাহী।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৪০ (চল্লিশ) ২০১৫-১৬ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. ইতোপূর্বে প্রদত্ত শর্তাবলী বলবৎ থাকবে; ২. উপযুক্ত ও প্রয়োজনীয় সংখ্যক নার্স-শিক্ষক নিয়োগ নিশ্চিত করতে হবে; ৩. শিক্ষকগণ লিখিত চুক্তির মাধ্যমে নিযুক্ত হবেন এবং চুক্তিতে চাকুরীর শর্তাবলী ও বেতন কাঠামো অবশ্যই উল্লেখ থাকতে হবে; ৪. খন্ডকালিন ডাক্তার শিক্ষক ও প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে শিক্ষক নিয়োগ দিতে হবে এবং নিয়োগ পত্র বিএনসি'তে পাঠাতে হবে; ৫. ছাত্রীদের নিরাপত্তসহ প্রয়োজনীয় আসবাব পত্র দ্বারা সজ্জিত হোস্টেলের ব্যবস্থা করতে হবে; ৬. শিক্ষার্থীদের জন্য শিক্ষার্থী অনুপাতে প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার বাড়াতে হবে; ৭. লাইব্রেরীতে নার্সিং শিক্ষা বিষয়ক আধুনিক দেশি-বিদেশি বই, জার্নাল, পত্রিকা রাখা নিশ্চিত করতে হবে; ৮. নীতিমালা অনুযায়ী নার্সিং ইনস্টিটিউটে স্বতন্ত্র ০৭টি ল্যাবে প্রয়োজনীয় সংখ্যক উপকরনাদি দ্বারা সুসজ্জিত করতে হবে; ৯. ভর্তি ও সেমিস্টার ফাইনাল পরীক্ষায় নার্সিং কাউন্সিলের প্রতিনিধি রাখতে হবে; ১০. নীতিমালা অনুযায়ী দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রক্ষা করতে হবে; এবং ১১. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশে পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
৯।	ইসলামী ব্যাংক নার্সিং ইনস্টিটিউট, রাজশাহী।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	১২০ টি (একশত বিশ) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. ইতোপূর্ব প্রদত্ত মৌলিক শর্তাবলী বহাল থাকবে; ২. কর্মরত সকল শিক্ষক ও স্টাফদের বেতন সরকারি বেতন-স্কেলের চেয়ে কম প্রদান করা যাবে না; ৩. ল্যাবরেটরিতে শিক্ষার্থী অনুপাত কম্পিউটারে সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে; ৪. সকল ল্যাবরেটরীতে প্রয়োজনীয় ও মানসম্মত উপকরণাদি সরবরাহ করতে হবে। ৫. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই হালনাগাদ/নবায়ন রাখা নিশ্চিত করতে হবে; ৬. দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রাখা নিশ্চিত করতে হবে; এবং ৭. কোনাক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
১০।	ব্যাডস নার্সিং ইনস্টিটিউট, বগুড়া সদর, বগুড়া।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৪০ টি (চল্লিশ) ২০১৫-১৬ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. ইতোপূর্বে প্রদত্ত মৌলিক শর্তাবলী বহাল থাকবে; ২. নার্সিং ইনস্টিটিউটের জন্য শিক্ষার্থী অনুপাতে অভিজ্ঞ নার্স-শিক্ষক রাখা নিশ্চিত করতে হবে;

				৩. কম্পিউটার ল্যাবে শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধি করতে হবে; ৪. নীতিমালা অনুযায়ী ০৭টি ল্যাবে প্রয়োজনীয় ও মানসম্মত উপকরনাদি সরবরাহ করতে হবে; ৫. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই হালনাগাদ/নবায়ন রাখা নিশ্চিত করতে হবে; ৬. বরাদ্দকৃত আসনের অতিরিক্ত কোন শিক্ষার্থী ভর্তি করা যাবে না; এবং ৭. অনধিক ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
১১।	উত্তরবঙ্গ নার্সিং ইনস্টিটিউট, বগুড়া।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৪০ টি (চল্লিশ) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. ইতোপূর্বে প্রদত্ত মৌলিক শর্তাবলী বহাল থাকবে; ২. শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত রক্ষা করতে হবে। ৩. ল্যাবরেটরিতে শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে; ৪. সকল ল্যাবরেটরীতে প্রয়োজনীয় ও মানসম্মত উপকরানাদি সরবরাহ করতে হবে; ৫. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই হালনাগাদ/নবায়ন রাখা নিশ্চিত করতে হবে; ৬. নীতিমালা অনুযায়ী দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রক্ষা করতে হবে; এবং ৭. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
১২।	মজিবর রহমান ফাউন্ডেশন নার্সিং ইনস্টিটিউট, জয়পুরহাট।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৫০ টি (পঞ্চাশ) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. নার্সিং ইনস্টিটিউটে বিএনসি এবং সরকারি ভর্তি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে; ২. যথাযথ যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে; ৩. ০৭টি ল্যাবে প্রয়োজনীয় আরও উপকরনাদি দ্বারা সুসজ্জিত করতে হবে; ৪. কম্পিউটার ল্যাবে শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা আরও বাড়াতে হবে; ৫. শিক্ষক ও অন্যান্য স্টাফ লিখিত নিয়োগপত্র দ্বারা নিযুক্ত হবেন যাতে অবশ্যই চাকুরীর শর্তাবলী ও বেতন-স্কেল উল্লেখ থাকবে কোন ক্রমেই সরকারি বেতন কাঠামোর চেয়ে কম বেতন প্রদান করা যাবে না। নিয়োগপত্রের অনুলিপি বাংলাদেশ নার্সিং কাউন্সিলে প্রেরণ করতে হবে; ৬. শিক্ষক ও শিক্ষার্থীদের লেখা পড়ার জন্য আধুনিক দেশি বিদেশি নার্সিং বিষয়ক বই এবং সম্প্রতি প্রকাশিত সাময়িকী, জার্নাল ও পত্রিকা রাখা নিশ্চিত করতে হবে; ৭. কর্মরত নার্স শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই হালনাগাদ/নবায়ন রাখতে হবে। ৮. দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-

				ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রাখা নিশ্চিত করতে হবে ; এবং ৯. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
১৩।	সাফা মক্কা নার্সিং ইনস্টিটিউট, সিরাজগঞ্জ।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৪০ টি (চল্লিশ) ২০১৫-১৬ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. পূর্বের প্রদত্ত শর্তাবলী বহাল থাকবে; ২. নার্সিং ইনস্টিটিউটের জন্য একজন অভিজ্ঞ অধ্যক্ষসহ অন্যান্য শিক্ষক নিয়োগ দিতে হবে; ৩. প্রয়োজনীয় উপকরনাদি দ্বারা ০৭টি ল্যাব সুসজ্জিত করতে হবে; ৪. শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধি করতে হবে; ৫. লাইব্রেরীতে নার্সিং বিষয়ক দেশি-বিদেশি বই, জার্নাল, পত্রিকা বৃদ্ধি করতে হবে; ৬. ছাত্রী হোস্টেলে প্রয়োজনীয় উপকরনাদি, আসবাবপত্র, চেয়ার, টেবিল, লকার, আলনা, ড্রেসিং টেবিল বৃদ্ধি করতঃ সিউরিটি গার্ড নিয়োগ দিতে হবে; ৭. সকল পরীক্ষায় বিএনসি'র প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে। ৮. নীতিমালঅ অনুযায়ী দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রক্ষা করতে হবে। ৯. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না। ১০. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই হালনাগাদ/নবায়ন করতে হবে।
১৪।	প্রাইম নার্সিং কলেজ, রংপুর।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৮০ (আশি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. ইতোপূর্বে প্রদত্ত মৌলিক শর্তাবলী বহাল থাকবে; ২. যথাযথ নিরাপত্তা ব্যবস্থাসহ ছাত্রী হোস্টেলে পর্যাপ্ত স্পেস, আলনা, খাট,টেবিল,লকার, আয়না, ইত্যাদি আসবাবপত্র সরবরাহ করতে হবে; ৩. ০৭টি পৃথক ও স্বয়ংসম্পূর্ন ল্যাব স্থাপন করতে হবে এবং তাতে প্রয়োজনীয় উপরকন ও সরঞ্জামাদি নিশ্চিত করতে হবে; ৪. লাইব্রেরীতে দেশি-বিদেশি আধুনিক নার্সিং বিষয়ক বই, জার্নাল, ম্যাগাজিন রাখতে হবে; ৫. শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধি করতে হবে; ৬. নীতিমালা অনুযায়ী ৫ শতাংশ আসন দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য রাখা নিশ্চিত করতে হবে; এবং ৭. বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
১৫।	রংপুর কমিউনিটি নার্সিং কলেজ, মেডিকেল পূর্বগেট, ধাপ, রংপুর	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৫০ টি (পঞ্চাশ) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. ইতোপূর্বে মৌলিক শর্তাবলী বহাল থাকবে; ২. ০৭টি ল্যাবে প্রয়োজনীয় উপকরন ও সরঞ্জামাদি রাখা নিশ্চিত করতে হবে; ৩. লাইব্রেরীতে আরও দেশী-বিদেশি আধুনিক নার্সিং বিষয়ক বই, জার্নাল, ম্যাগাজিন রাখতে

				হবে; ৪. শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধি করতে হবে; ৫. নীতিমালা অনুযায়ী ৫ % আসন দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য রাখা নিশ্চিত করতে হবে; ৬. কর্মরত সকল নার্স শিক্ষকদের রেজিস্ট্রেশন নবায়ন/হালনাগাদ রাখতে হবে; এবং ৭. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
১৬।	নর্দার্ন ইনস্টিটিউট অব নার্সিং সায়েন্স, ধাপ, রংপুর।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৬০ টি (ষাট) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. অধ্যক্ষ ও অন্যান্য শিক্ষকগণের জন্য আলাদা কক্ষ নিশ্চিত করতে হবে; ২. নার্সিং ইনস্টিটিউটের জন্য ১০ লক্ষ টাকার এফডিআর রাখা নিশ্চিত করতে হবে; ৩. শিক্ষার্থী ও শিক্ষকগণের অধ্যয়নের জন্য পাঠাগার সমৃদ্ধ করতে হবে এতে কারিকুলামভুক্ত পাঠ্যবই, প্রয়োজনীয় নার্সিং বিষয়ক দেশি-বিদেশি বই, সাময়িকী, জার্নাল, পত্রিকা ও আসবাবপত্র আরও বৃদ্ধি করতে হবে। ৪. ০৭টি ল্যাব যথাযথভাবে সুসজ্জিত করে বিএনসিকে অবহিত করতে হবে; ৫. প্রয়োজনীয় আরও আসবাবপত্র ও নিরাপত্তাসহ ছাত্রী হোস্টেলের ব্যবস্থা করতে হবে; ৬. নার্সিং ইনস্টিটিউটের ক্যাম্পাসে খেলাধুলা এবং সুষ্ঠু বিনোদনের ব্যবস্থা করতে হবে; ৭. নীতিমালা অনুযায়ী ৫% আসনে দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত করতে হবে; ৮. নার্সিং ইনস্টিটিউটের জন্য শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধি করতে হবে; ৯. বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না; এবং ১০. শিক্ষার্থী ভর্তি এবং সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বাংলাদেশ নার্সিং কাউন্সিলের প্রতিনিধি নিশ্চিত করতে হবে।
১৭।	আনোয়ারা নার্সিং ইনস্টিটিউট, মির্জাপুর, সুইহাড়ী, দিনাজপুর।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৮০ টি (আশি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. ইতোপূর্বে প্রদত্ত মৌলিক শর্তাবলী বহাল থাকবে; ২. ল্যাবরেটরীতে শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে; ৩. নীতিমালায় উল্লিখিত ০৭ ল্যাবরেটরীতে প্রয়োজনীয় ও মানসম্মত উপকরনাদি সরবরাহ করতে হবে; ৪. নার্সিং ইনস্টিটিউটে বিএনসি এবং সরকারি ভর্তি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে; ৫. যথাযথ যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করতঃ শিক্ষার্থী অনুপাত রক্ষা করতে হবে; ৬. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই হালনাগাদ/নবায়ন রাখা নিশ্চিত

				করতে হবে; ৭. শিক্ষার্থী ভর্তি ও সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বিএনসি'র প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে; ৮. দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রাখা নিশ্চিত করতে হবে; এবং ৯. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
১৮।	দি গ্রীণ লাইফ নার্সিং ইনস্টিটিউট, ১ নং উপশহর, দিনাজপুর।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৪০টি (চল্লিশ) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. পূর্বের সকল শর্তাবলী বলবৎ থাকবে; ২. কর্মরত সকল শিক্ষক ও অফিস জনবলের ব্যক্তিগত ফাইল সংরক্ষণ করতে হবে; ৩. কর্মরত সকল নার্স-শিক্ষদের রেজিস্ট্রেশন হালনাগাদ/নবায়ন রাখতে হবে; ৪. কম্পিউটার ল্যাবে কম্পিউটারের সংখ্যা শিক্ষার্থী অনুপাতে বৃদ্ধি করতে হবে; ৫. লাইব্রেরীতে নার্সিং বিষয়ক দেশি-বিদেশি বই, জার্নাল, পত্রিকা, সাময়িকি ও পত্রিকা রাখা নিশ্চিত করতে হবে; ৬. নার্সিং ল্যাবগুলো নার্সিং ইনস্টিটিউটে সুসজ্জিত করতে হবে; ৭. সকল পরীক্ষায় বিএনসি'র প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে; ৮. দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রাখা নিশ্চিত করতে হবে; এবং ৯. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
১৯।	সেন্ট ভিন-সেন্ট নার্সিং ইনস্টিটিউট, মিশন রোড, কসবা, দিনাজপুর।	ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৬০ টি (ষাট) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. বিএনসি এবং সরকারি ভর্তি নীতিমালা অনুসরণ করতে হবে; ২. শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত রক্ষা করতে হবে। ৩. দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রাখা নিশ্চিত করতে হবে; ৪. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না; ৫. শিক্ষক ও অন্যান্য স্টাফ লিখিত নিয়োগপত্র দ্বারা নিযুক্ত হবেন যাতে অবশ্যই চাকরির শর্তাবলী ও বেতন-স্কেল উল্লেখ থাকবে কোনক্রমেই সরকারি বেতন কাঠামোর চেয়ে কম বেতন প্রদান করা যাবে না। নিয়োগ পত্রের অনুলিপি বিএনসিতে প্রেরণ করতে হবে; ৬. ধর্ম-বর্ণ নির্বিশেসে সমঅধিকার রক্ষা করতে হবে ; এবং ৭. ভর্তি কমিটিতে এবং সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বাংলাদেশ নার্সিং কাউন্সিলেল প্রতিনিধি নিশ্চিত করতে হবে।
২০।	কুমিল্লা ডায়াবেটিক এসোসিয়েশন নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা।	ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৫০ টি (পঞ্চাশ) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত	১. নীতিমালত অনুযায়ী নার্সিং ইনস্টিটিউটের জন্য ৩০,০০০ বর্গফুট জায়গা (Space) নিশ্চিত করতে হবে;

				২. শিক্ষার্থী অনুপাতে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন আরও নার্স-শিক্ষক নিয়োগ করতে হবে; ৩. নার্সিং ইনস্টিটিউটের জন্য স্বতন্ত্রভাবে ০৭টি ল্যাব প্রয়োজনীয় উপকরনাদি দ্বারা সুসজ্জিত করতে হবে; ৪. শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত সংখ্যক কম্পিউটারের ব্যবস্থা করতে হবে; ৫. পর্যাপ্ত সংখ্যক আসন বিশিষ্ট পরীক্ষার্থীদের ক্লাস রুমের ব্যবস্থা করতে হবে; ৬. লাইব্রেরী পর্যাপ্ত জায়গা ও সুসজ্জিতসহ আরও দেশি-বিদেশি নার্সিং বিষয়ক, বই, জার্নাল, ম্যাগাজিন ও পত্রিকা রাখা নিশ্চিত করতে হবে; ৭. অফিস কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় অফিস কক্ষ সুসজ্জিত করতে হবে; ৮. ভর্তি কমিটি ও সকল পরীক্ষায় নার্সিং কাউন্সিলের প্রতিনিধি রাতে হবে ; ৯. বরাদ্দকৃত আসনের ১০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না; ১০. ৫% আসনে দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত নিশ্চিত করতে হবে; এবং ১১. বরাদ্দকৃত আসনের অতিরিক্ত কোন ছাত্র-ছাত্রী ভর্তি করানো যাবে না।

২। এছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের স্বাপকম/নাসা/বিএনসি/(অর্ডিন্যান্স)-২/২০০৮/৪২৭ সংখ্যক স্মারকে জারিকৃত নীতিমালার প্রযোজ্য অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে।

৩। ছাত্র-ছাত্রী ভর্তির পর বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নির্ধারিত ফি প্রদানপূর্বক উক্ত কাউন্সিলের নিবন্ধন ও অধিভুক্তি গ্রহণ/নবায়ন করতে হবে।

০২/১১/২০১৫

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪৫৭৭৯

অধ্যক্ষ
-----------------------------নার্সিং ইনস্টিটিউট
-----------------------------।

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০৩২.২০১৫-৪৯৭/১ (৭)

তারিখঃ ১৮ কার্তিক ১৪২২ / ০২ নভেম্বর ২০১৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল, বা/এ, ঢাকা।
৩। সিভিল সার্জন, --------------------।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা। এ সংক্রান্ত মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের নীতিমালার ৫.৬ অনুচ্ছেদ অনুযায়ী কাউন্সিলের নিবন্ধন ও প্রচলিত নিয়মানুযায়ী পরবর্তী অন্যান্য কার্যক্রমে গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২/১১/২০২৫

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব

৭ (সাত)